

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৯

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الْعِلْمُ ثَلَاثَةٌ: آيَةٌ
مُحْكَمَةٌ أَوْ سُنْنَةٌ قَائِمَةٌ أَوْ فَرِيضَةٌ عَادِلَةٌ وَمَا كَانَ سِوَى ذَلِكَ فَهُوَ فَضْلٌ . رَوَاهُ أَبُو دَاؤُد
وَابْنُ مَاجَهَ

বাংলা

২৩৯-[৪২] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'ইলম বা জ্ঞান তিন প্রকার- (১) আয়াতে মুহকামাতের জ্ঞান, (২) সুন্নাতে কায়িমার জ্ঞান এবং (৩) ফারীয়ায়ে আদিলার জ্ঞান। এর বাইরে যা আছে তা অতিরিক্ত। (আবু দাউদ ও ইবনু মাজাহ)[১]

ফুটনোট

[১] য'ঈফ : আবু দাউদ ২৮৮৫, ইবনু মাজাহ ৫৪, য'ঈফুল জামি' ৩৮৭১।

এ হাদীসের সানাদে দু'জন রাবী 'আবদুর রহমান বিন যিয়াদ বিন নাসীম, 'আবদুর রহমান রাফি' য'ঈফ। বিধায় ইমাম যাহাবী তার 'তালখীস' নামক গ্রন্থের ৩/৩২২ পৃষ্ঠায় হাদীসটিকে য'ঈফ বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: শায়খ আলবানী (রহঃ) হাদীসটিকে তাঁর সংকলিত দুর্বল হাদীসের গ্রন্থে নিয়ে এসেছেন।

হাদিসের মান: য'ঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54798>

৬ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন